দৈনিক খবর

তারিখ 22 MAY 1993
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২

# কয়েকটি বিষয়ে সুস্পষ্ট বক্তব্য না পেলে ছাত্ররা কাল কার্জন হলে বিক্ষোভ দেখাবে

।।স্টাফরিপোর্টার।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলে আয়োজিত বিশেষ সমাবর্তনে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার আগমনের আগেই ছাত্র সমাজের ১০ দফা বাস্তবায়ন, সন্ত্রাসীদের গ্রেফতার, ক্যাম্পাস থেকে পুলিশ প্রত্যাহার ও গ্রেফতারকৃত ছাত্রনেতাদের মুক্তির ব্যাপারে সুস্পষ্ট বক্তব্য না দেয়া হলে ছাত্ররা আগামীকাল প্রধানমন্ত্রীর আগমন পথে বিক্ষোভ প্রদর্শন করবে।

আগামীকাল রোববার নোবেল পুরস্কার বিজয়ী বিজ্ঞানী ডঃ আবদুস সালামকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলে আয়োজিত এক বিশেষ সমাবর্তনে ডিএসসি ডিগ্রী প্রদান করা হবে। প্রধানমন্ত্রী বেগম জিয়া এ ডিগ্রী প্রদান করবেন।

গতকাল বিকেলে ১০ দফা দাবীসহ

*শেষ পৃষ্ঠায় ৭ম কলামে*

## কয়েকটি বিষয়ে সুস্পষ্ট

*প্রথম পৃষ্ঠার পর*

বিভিন্ন দাবীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ হয়েছে। ছাত্রলীগ (ম-ই), ছাত্রলীগ (বা-কা), সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, ছাত্র ইউনিয়নসহ বেশ ক'টি সংগঠন সমাবেশের আয়োজন করে। তাদের দাবী মানা না হলে বিক্ষোভ প্রদর্শনের কর্মসূচী অব্যাহত থাকবে বলে দৃঢ়তা ঘোষণাকরেন।

আজ শনিবার সবগুলো ছাত্র সংগঠনই ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশের আয়োজনকরবে।

গতকাল সন্ধ্যায় টিএসসি এলাকায় বাংলাদেশ ছাত্রলীগ আয়োজিত বিক্ষোভ সমাবেশে বাংলাদেশ ছাত্রলীগ সাধারণ সম্পাদক ইকবালুর রহিম ইকবাল বলেন, ছাত্র সমাজের বুকের রক্তমাখা ১০ দফার প্রতি প্রধানমন্ত্রী খালেদা জিয়া ক্ষমতায় যাবার পূর্বে বার বার সমর্থন জানিয়েছিলেন। কিন্তু ক্ষমতায় বসে তিনি দশ দফা ও দশ দফার শহীদদের রক্তের প্রতি বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করেছেন। তিনি দু'বছর হয়েছে ক্ষমতায় গিয়েছেন কিন্তু দশ দফা পূরণতো করেনইনি, অঙ্গীকারও করেননি। তিনি দশ দফার সঙ্গে বিশ্বাসঘাতকতা করে শহীদদের রক্তের সঙ্গে বেঈমানী করেছেন। 'এই বেঈমানের ঢাকা বিশ্ববিদ্যালয়ে আগমন মানায় না। ১০ দফা পূরণের সুস্পষ্ট অঙ্গীকার না করলে ক্যাম্পাস প্রধানমন্ত্রীকে বরণ করবে না।' তিনি শিক্ষার সুষ্ঠু পরিবেশের স্বার্থে ক্যাম্পাস থেকে পুলিশ প্রত্যাহারের দাবীজানান।

সমাবেশে ছাত্রলীগের যুগ্ম-সম্পাদক ইকবাল হোসেন অপু বলেন, দশ দফার ব্যাপারে সুস্পষ্ট ঘোষণা না দিয়ে প্রধানমন্ত্রী ক্যাম্পাসে আসলে যদি কোন অনাকাঙ্খিত পরিস্থিতির উদ্ভব হয়, তার দায়-দায়িত্ব সরকারকেই বহন করতে হবে।

খিজির হায়াৎ মোহাম্মদ লিজুর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন শফিকুল আলম শফিক ও পঙ্কজ নাথ।